## তৃতীয় অধ্যায়

# ⏭ বাংলাদেশের লোকশিল্প ও কারুশিল্প

**শিক্ষার্থীরা যা জানবে–**

- বাংলাদেশের প্রধান কয়েকটি লোকশিল্প
- বাংলাদেশের প্রধান কয়েকটি কারবশিল্প
- লোকশিল্প ও কারবশিল্পের ব্যবহারিক ৰেত্রসমূহ
- আমাদের দৈনন্দিন জীবনে লোকশিল্প ও কারবশিল্পের ভূমিকা

## ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **'আলপনা' বাংলাদেশের অন্যতম প্রধান কী শিল্প?**
   ⓚ কারুশিল্প ● লোকশিল্প
   ⓖ কুটিরশিল্প ⓖ দারুশিল্প

২. **চৌকপটের মধ্যে সবচেয়ে বিখ্যাত হচ্ছে কোনটি?**
   ⓚ গাজীরপট ⓚ চক্ষুদানপট
   ● কালীঘাটেরপট ⓖ যীশুপট

৩. **কোন অঞ্চলের নকশি কাঁথা শীর্ষস্থানীয়?**
   ⓚ রাজশাহী ⓚ ফরিদপুর ● যশোর ⓖ চট্টগ্রাম

৪. **বাংলাদেশের সবচেয়ে প্রাচীন পোড়ামাটির ফলকচিত্রের নিদর্শন পাওয়া গেছে কোথায়?**
   ● বগুড়ার মহাস্থানগড়ে ⓚ কুমিল্লার ময়নামতিতে
   ⓖ দিনাজপুরের কান্তজীর মন্দিরে ⓖ রাজশাহীর বাঘা মসজিদে

৫. **কাঠের তৈরি বেড়া ও খাট–পালঙ্ক বাংলাদেশের অতিপ্রাচীন–**
   ⓚ লোকশিল্প ⓚ হস্তশিল্প
   ⓖ কুটিরশিল্প ● কারুশিল্প

## ■ সংক্ষিপ্ত উত্তর প্রশ্নোত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কারুশিল্প বলতে কী বোঝায়?**

**উত্তর :** দৈনন্দিন জীবনে আমরা নানারকম জিনিস ব্যবহার করি। দৈনন্দিন জীবনে ব্যবহৃত এসব দ্রব্য সামগ্রীর সৌন্দর্য বর্ধনের জন্য হরেকরকম কারবকাজ করা হয়। কারবকাজ করা এসব দ্রব্য সামগ্রীকে কারবশিল্প বলে।

**প্রশ্ন ॥ ২ ॥ কাঠ দিয়ে তৈরি হয় এমন ৫টি কারুশিল্পের নাম লেখ।**

**উত্তর :** কাঠ দিয়ে তৈরি হয় এমন ৫টি কারবশিল্পের নাম হলো– নৌকা, খাট–পালঙ্ক, বেড়া, দরজা–জানালা, চেয়ার–টেবিল।

**প্রশ্ন ॥ ৩ ॥ প্রতিদিন আমরা নানারকম কারুশিল্প ব্যবহার করি– সুনির্দিষ্ট উদাহরণের সাহায্যে ব্যাখ্যা কর।**

**উত্তর :** প্রতিদিন আমরা নানারকম কারবশিল্প ব্যবহার করি। উদাহরণ হিসেবে বলা যায় যে, বাঁশ ও বেতের তৈরি মোড়া যা আমাদের বসার কাজে ব্যবহার করি। আবার কাঠের তৈরি আলমারি যার মধ্যে আমরা জামাকাপড় সংরৰণ করি।

**প্রশ্ন ॥ ৪ ॥ কারুকাজ খচিত আসবাবপত্র ও গয়না আমাদের অধিক পছন্দনীয় কেন?**

**উত্তর :** কারবকাজখচিত আসবাবপত্র ও গয়না আমাদের অধিক পছন্দনীয়। কারণ বিভিন্ন রকম কারবকাজ করা আসবাবপত্র আমাদের গৃহের সৌন্দর্য বর্ধন করে থাকে। তাছাড়া কারবকাজ করা গয়না অন্য গয়না থেকে বেশি সৌন্দর্য বৃদ্ধি করে এবং দেশের ঐতিহ্য ও সংস্কৃতি বজায় থাকে। তাই কারবকাজখচিত আসবাবপত্র ও গয়না আমাদের অধিক পছন্দনীয়।

**প্রশ্ন ॥ ৫ ॥ বিভিন্ন শ্রেণিবিভাগ উল্লেখ করে নকশিকাঁথা সম্পর্কে সংক্ষেপে লিখ?**

**উত্তর :** নকশিকাঁথা বাংলাদেশের লোকশিল্পের সবচেয়ে আকর্ষণীয় নিদর্শন। বাংলাদেশের গাঁয়ের মেয়েরা কাজের অবসরে দিনের পর দিন খেটে সুঁই–সুতায়, রঙ–বেরঙের ছবি ও নকশা কাঁথায় ফুটিয়ে তোলে। এসব ছবিতে থাকে অনেক গল্প, অনেক কাহিনী। বিভিন্ন শ্রেণির নকশিকাঁথা রয়েছে যেমন : সুজনিপেড়ে, লেপকাঁথা, চাদরকাঁথা, জায়নামায, আসন কাঁথা, পালকির কাঁথা, রবমাল কাঁথা ইত্যাদি। গাঁয়ের বধূ তার নিজের জীবনের সুখ–দুঃখের কথা সুঁই–সুতার ছবির মাধ্যমে ফুটিয়ে তোলে এসব কাঁথাতে।

**প্রশ্ন ॥ ৬ ॥ বাংলাদেশের জনপ্রিয় বাহন ও সুন্দর কারুশিল্প রিকশা সম্পর্কে সংক্ষেপে লিখ?**

**উত্তর :** বাংলাদেশের কারুশিল্পের অন্যতম একটি উদাহরণ হলো রিকশা। রিকশা হলো এক ধরনের যানবাহন, যাতে কারুশিল্পের সূক্ষ্ম ও নিপুণ প্রয়োগ ঘটানো হয়। এটি দেশে ও বিদেশে খ্যাতি অর্জন করেছে। গঠনগত দিক দিয়ে রিকশা তিনচাকাবিশিষ্ট। চেহারা ও আকৃতির দিক দিয়ে এটি অনন্য একটি শিল্পকর্ম। রিকশার কাঠামো তৈরির পর বাঁশ, প্লাস্টিক, কাপড় দিয়ে ফুল, পাতা, পাখির নকশা কেটে সেলাই করে রিকশা সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়। রিকশা চালানোর জন্য যে হ্যান্ডেল থাকে তার দু'পাশে কখনো কখনো দুটি ফুলদানি স্থাপন করা হয়। এই ফুলদানিতে বিভিন্ন রং ও আকৃতির ফুল রাখা হয়। অসাধারণ এই ফুলগুলো হয় প্লাস্টিকের। যাত্রীদের বসার জন্য যে আসন থাকে তাতেও অনেকে বিভিন্ন নকশা অঙ্কন করে। হুডের চারপাশে রঙিন ঝুনঝুনি ঝুলিয়ে সাজানো হয়। ফলে রিকশা চলার সময় ঝুনঝুনির ছন্দময় শব্দ হয়। প্রতিটি রিকশার পেছনে অর্থাৎ সিটের পেছনের দিকে সুন্দর ছবি এঁকে তা লাগিয়ে দেয়া হয়। এসব ছবিতে বিভিন্ন জিনিসের চিত্র অঙ্কিত থাকে। অনেক ক্ষেত্রে এখানে বিভিন্ন উপদেশমূলক কথা লেখা থাকে। রিকশা একদিকে যেমন মানুষের একটি জনপ্রিয় বাহনে পরিণত হয়েছে অন্যদিকে তা বাঙালি সংস্কৃতির একটি অংশ হিসেবে পরিণত হয়েছে। আর কারুশিল্পের ছোঁয়া রিকশাকে করে তুলেছে আকর্ষণীয় এবং দৃষ্টিনন্দন।

## ■ রচনামূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কারুশিল্পের সাথে আমাদের দৈনন্দিন জীবন একসূত্রে বাঁধা – কথাটি বিশ্লেষণ কর।**

**উত্তর :** কারবশিল্প আমাদের জীবনযাপনের বিভিন্ন ৰেত্রে ওতপ্রোতভাবে জড়িত। ব্যবহারিক বিভিন্ন সামগ্রী বা বস্তুকে অলংকৃত করা হলেই সেটা হয় কারবশিল্প। সুতরাং সহজেই বোঝা যায় যে, সমস্ত কারবশিল্পই আমাদের ব্যবহারিক কাজে লাগে। যেমন : বাঁশ, বেত ও কাঠের তৈরি কারবকার্যময় বিভিন্ন আসবাব আমাদের গৃহের সৌন্দর্য যেমন বাড়ায়, তেমনি এগুলো আমাদের শোয়া, বসা, জামাকাপড় সংরৰণ, খাবার রাখা থেকে বিভিন্ন কাজে ব্যবহার হয়। মাটির তৈরি কারবকার্যময় বিভিন্ন হাঁড়ি, পাতিল ও বাসন–কোসন গ্রামের সাধারণ মানুসের ঘর সংসারের প্রধান উপকরণ। আবার তামা, কাঁসা ও পিতলের তৈরি বিভিন্ন নকশা করা তৈজসপত্রও আমরা বিভিন্ন কাজে ব্যবহার করি। সুন্দর অলংকার ও শাড়ি বাংলাদেশের মেয়েদের নিত্যব্যবহার্য সামগ্রী। নকশা করা খাট, পালঙ্ক, দরজা, আলমারি এসব যেমন আমাদের সুরবচির পরিচয় দেয় তেমনি দৈনন্দিন জীবনে এসবের ব্যবহার অপরিহার্য। তাই বলা যায়, এসব শিল্প আমাদের জীবনযাপনের বিভিন্ন ৰেত্রে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

**প্রশ্ন ॥ ২ ॥ লোকশিল্পের ও কারুশিল্প ব্যবহারের বিষয়ে তোমরা কীভাবে পারিবারিক ও সামাজিক সচেতনতা বৃদ্ধি করবে।**

**উত্তর :** লোকশিল্পের ও কারবশিল্পের ব্যবহার আমাদের স্বতন্ত্র, সমৃদ্ধ বাঙালি সংস্কৃতির পরিচয় বহন করে। এটি আমাদের ঐতিহ্য। তাই আধুনিকতার স্রোতে গা ভাসিয়ে লোকশিল্প ও কারবশিল্পকে অবজ্ঞা করা যাবে না। এ বিষয়ে আমরা পারিবারিক ও সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে চেষ্টা করব। নিজেরাও সচেতন হব। পরিবারের বিভিন্ন অনুষ্ঠানে যেমন : বিয়ে, জন্মদিন, গায়ে হলুদে বিভিন্ন লোকশিল্প ও কারবশিল্পের ব্যবহার ঘটাব এবং পরিবারের সদস্যদের উৎসাহিত করব। দৈনন্দিন যেসব ব্যবহার্য সামগ্রী রয়েছে তার মধ্যে লোকশিল্পের ও কারবশিল্পের ব্যবহার ঘটানোর চেষ্টা করব। যেমন : ফ্লোরম্যাট, টেবিলম্যাট ইত্যাদি; অথবা গ্রামে শিকা, কাঁথা ইত্যাদি। আবার বাঁশ, বেত, কাঠের তৈরি কারবকার্যময় আসবাব অথবা কারবকার্যময় হাঁড়ি, পাতিল, বাসন–কোসন বা তৈজসপত্র ব্যবহার করব। কারবশিল্পঘটিত শাড়ি, এৰেত্রে পরিবারের মেয়েদের ব্যবহারে উদ্বুদ্ধ করতে পারি। মোট কথা সম্ভাব্য সকল ৰেত্রে পরিবারের সদস্যদের সামনে লোকশিল্প ও কারবশিল্পের নান্দনিকতা ও ঐতিহ্য উপস্থাপন করতে হবে। তদ্রবপ সামাজিক সচেতনতা বৃদ্ধিতে বর্ষবরণ, পূজা, শহিদ দিবস ইত্যাদিতে লোকশিল্প ও কারবশিল্পের ব্যবহার ঘটাতে হবে। এছাড়া মাঝে মাঝে মেলা ও প্রদর্শনীর ব্যবস্থাও করা যায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলাদেশের উন্নয়নে চিত্রকলা কীভাবে ভূমিকা রয়েছে তা উল্লেখ কর।**

**উত্তর :** দেশকে সুন্দরভাবে গড়তে হলে, মানুষের জীবনযাপনকে সুন্দর ও রবচিশীল করার জন্য চিত্রকলার প্রয়োজন রয়েছে। বাংলাদেশের উন্নয়নেও চিত্রকলা ভূমিকা রেখেছে। বস্তুত চিত্রকলা সার্বিক উন্নয়ন ও মানুষের কল্যাণের জন্য অত্যন্ত গুরবত্বপূর্ণ বিষয়। সাধারণ মানুষকে স্বাস্থ্যসেবা প্রদানে এবং তাদেরকে বিভিন্ন রোগ থেকে নিরাময় করতে চিত্রকলার মাধ্যমে বর্তমানে দেশ স্বাস্থ্যখাতে ব্যাপক উন্নয়ন ঘটিয়েছে। রাস্তায় হাঁটাচলা, বাস–ট্রাক চলাচলের নিয়ম–কানুন ইত্যাদির পোস্টার ও প্রচারপত্রের জন্য আধুনিক জীবনযাত্রায় চিত্রকলা অনন্য ভূমিকা রেখে চলেছে। এদেশে কৃষির উন্নয়নে সহজে চাষ করা, সেচ দেয়া, পোকামাকড় থেকে সাবধান থাকা থেকে শুরব করে কীভাবে কৃষি ফলন বাড়ানো যায় তা চিত্রকলার মাধ্যমে কৃষকদের সামনে সরকারি ও বেসরকারি পর্যায়ে উপস্থাপন করা হয়। দেশের শিৰাব্যবস্থা উন্নয়নে চিত্রকলার ভূমিকা অনস্বীকার্য। মানচিত্র আঁকা, স্কুল–কলেজের পুস্তকের জন্য ছবি আঁকা, চিকিৎসাবিদ্যা ও কারিগরিবিদ্যার বই পুস্তকের জন্য চিত্রকলা জরবরি। দেশে শিল্পজাত পণ্যের উৎপাদনের পর বাজারে ও বিদেশে রপ্তানি করতে গেলে যে নানারকম রঙে মোড়ক তৈরি করতে হয়, নকশা ও ছবি আঁকতে হয়– সেৰেত্রে চিত্রকলার বিকল্প নেই। সুতরাং দেশের কাজে, জনগণের প্রয়োজনে ও কল্যাণে চিত্রকলার প্রয়োজন খুবই গুরবত্বপূর্ণ। এভাবে চিত্রকলা বাংলাদেশের উন্নয়নে ভূমিকা রাখছে।

**প্রশ্ন ॥ ৪ ॥ পটচিত্র কী? যা জানছো তা লেখ।**

**উত্তর :** পটচিত্র বাংলার লোকশিল্পের অন্যতম একটি নিদর্শন। বিভিন্ন সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানের উপর ভিত্তি করে আঁকা হতো পটচিত্র। পট বা কাপড় শব্দ থেকে পট শব্দের উৎপত্তি। পটচিত্র দুই ধরনের হয় যথা : জড়ানো পট ও চৌক পট।

জড়ানো পট বেশ বড় ও লম্বা আকারের হয়ে থাকে। একটা পটে পর পর লম্বাভাবে সাজানো থাকে অনেকগুলো টুকরো ছবি। এ ছবিগুলো কোনো লোককাহিনী বা ধর্মীয় কাহিনীর চিত্ররূ প। বুদ্ধের জীবনী, জাতকের গল্প, কৃষ্ণলীলা, রামায়ণ, বেহুলা, লক্ষীন্দরের কাহিনী, মহররমের কাহিনী, সোনাই–মাধব এরকম বহু বিষয়ের উপর পট আঁকা হতো। পরবর্তীকালে লৌকিক পীর গাজীর জীবনের গল্প, কালুগাজী–চম্পাবতীর গল্প নিয়েও পট আঁকা হয়েছে। এগুলো গাজীর পট নামে খ্যাত।

চৌক পট ছোট আকারের কাগজের ওপর আঁকা চিত্র। সাধারণত ১ ফুট লম্বা ও ৬ থেকে ৮ ইঞ্চি চওড়া হয়। এগুলোর মধ্যে কালীঘাটের পট ছিল বিখ্যাত। এগুলোতে সমাজের বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের জীবনযাপনের ভালো–মন্দ দিক, সামাজিক আচার–অনাচার ও বিভিন্ন অনুষ্ঠান ইত্যাদির চিত্রায়ন করা হতো।

## ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ➲ পাঠ-১ : বাংলাদেশের প্রধান কয়েকটি লোকশিল্প

➠ বোর্ড বই, পৃষ্ঠা ১৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **বাংলাদেশের লোকশিল্পের ভুবন কীরূপ?** [শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ বিস্তৃত ● অনেক বিস্তৃত
ⓖ কম বিস্তৃত ⓘ সংৰিপ্ত

২. **বাংলাদেশের অন্যতম প্রধান লোকশিল্প কোনটি?**
[শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ]
● আলপনা ⓑ পুতুল

ⓖ নকশিপাখা ⓘ বাঁশ বেতের বেড়া

**৩. শহিদ মিনারে কত তারিখে আলপনা আঁকা হয়?** (জ্ঞান)
● ২১ ফেব্রুয়ারি ⓚ ২৬ মার্চ
ⓖ ১৬ ডিসেম্বর ⓘ ১১ এপ্রিল

**৪. লক্ষ্মীপূজার প্রধান উপকরণ কী?** (জ্ঞান)
● লক্ষ্মীসরা ⓚ নকশিকাঁথা
ⓖ পুতুল ⓘ নকশিশিকা

**৫. আলপনা বাঙালির কবেকার রীতি?** (জ্ঞান)
ⓚ প্রাচীন ⓚ আধুনিক ● অনেক প্রাচীন ⓘ মধ্যযুগ

**৬. আলপনার উদব হয়েছিল কীভাবে?** [রংপুর জিলা স্কুল]
● বাঙালির লোকজীবনের ধর্ম ও জাদু বিশ্বাসকে কেন্দ্র করে
ⓚ বাঙালির লোকজীবনের ভাষা ও কর্মকে কেন্দ্র করে
ⓖ বাঙালির লোকজীবনের সংগীত ও ভাষাকে কেন্দ্র করে
ⓘ বাঙালির লোকজীবনের সমাজ ও জীবনকে কেন্দ্র করে

**৭. আলপনায় বহুল ব্যবহৃত মোটিফ 'কল্কি' কোন প্রতীককে নির্দেশ করে?** (জ্ঞান)
● লক্ষ্মীর ধনভাণ্ডারের প্রতীক ⓚ শান্তির প্রতীক
ⓖ দুর্গার আশীর্বাদের প্রতীক ⓘ মনসার বাহনের প্রতীক

**৮. লক্ষ্মীপূজায় গোলাকার আকৃতির আলপনা ব্যবহার করা হয় কেন?** (অনুধাবন)
● দেবীর আসন হিসেবে ⓚ দেবীর রূ পের বর্ণনায়
ⓖ দেবীর গুণ হিসেবে ⓘ দেবীর বাহন হিসেবে

**৯. সাংসারিক ও সামাজিক জীবনে আশা পূরণের জন্য পালন করা হয় কোনটি?** (জ্ঞান)
ⓚ যজ্ঞ অনুষ্ঠান ⓚ কীর্তানুষ্ঠান
● ব্রতের অনুষ্ঠান ⓘ উপবাস

**১০. লক্ষ্মীসরাতে দেবীলক্ষ্মীর বাহন হিসেবে থাকে কীসের ছবি?** (জ্ঞান)
ⓚ সাপের ছবি ⓚ হাঁসের ছবি
● পেঁচার ছবি ⓘ কুমিরের ছবি

**১১. ব্রতের অনুষ্ঠানে কী আঁকা হয়?** [চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ সরাচিত্র ● আলপনা ⓖ পটচিত্র ⓘ দেয়ালচিত্র

**১২. ফুল, পাতা ও পাখি কোন ধরনের মোটিফ?**
[আমর্ড পুলিশ ব্যাটালিয়ন স্কুল এন্ড কলেজ, বগুড়া; শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ প্রাচীন ⓚ আধুনিক ⓖ শাস্ত্রীয় ● লোকজ

**১৩. কবিতা ২১শে ফেব্রুয়ারিতে শহিদ মিনারে ফুল দিতে গিয়ে রাস্তায় এক ধরনের চিত্রকর্ম দেখল। কবিতার দেখা চিত্রকর্ম নিচের কোনটি?** (প্রয়োগ)
● আলপনা ⓚ পটচিত্র ⓖ সরাচিত্র ⓘ ফলকচিত্র

**১৪. কৃষ্ণা মন্ডল লক্ষ্মীপূজার জন্য লক্ষ্মীসরা তৈরি করতে চায়। এক্ষেত্রে সে লক্ষ্মীসরাতে কীসের ছবি আঁকবে?** (প্রয়োগ)
● দেবীদুর্গা ও লক্ষ্মীর ছবি ⓚ দেবীদুর্গা ও মনসার ছবি
ⓖ দেবী লক্ষ্মী ও কালীর ছবি ⓘ দেবী কালী ও মনসার ছবি

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৫. আলপনার ব্যবহার আমরা দেখতে পাই–** (অনুধাবন)
i. নববর্ষের অনুষ্ঠানে
ii. জন্মদিনে
iii. শহিদ দিবসে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৬. বাংলাদেশের প্রধান লোকশিল্প–** (অনুধাবন)
i. নকশিপিঠা
ii. চবুদান পট
iii. নকশিকাঁথা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**

কৃষ্ণার মা বাড়িতে লক্ষ্মীপূজা উপলবে আলপনা আঁকছেন। বাড়ির অন্যরা বিভিন্ন আঙ্গিকে সরাচিত্র আঁকছে। কৃষ্ণাকে তার মা আলপনার একটি মোটিফ দেখিয়ে বললেন এই প্রতীক দিয়ে পূজা করলে সংসারে সমৃদ্ধি আসবে।

**১৭. কৃষ্ণার মায়ের আঁকা আলপনার উদব ঘটেছিল কীভাবে?** (প্রয়োগ)
ⓚ প্রকৃতিকে কেন্দ্র করে ● ধর্ম ও জাদু বিশ্বাসকে কেন্দ্র করে
ⓖ গ্রামীণ মেলাকে কেন্দ্র করে ⓘ ঋতু পরিবর্তনকে কেন্দ্র করে

**১৮. কৃষ্ণাদের বাড়িতে আঁকা সরাচিত্রগুলো মূলত–** (উচ্চতর দৰতা)
i. লক্ষ্মীপূজার প্রধান উপকরণ
ii. পূজা শেষে গৃহসজ্জার জন্য ব্যবহার করা হয়
iii. লোকজ রীতিতে তৈরি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-২ : পট
➡ বোর্ড বই, পৃষ্ঠা ১৯

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৯. চৌকপট কয় ফুট লম্বা হয়?** (জ্ঞান)
● ১ ⓚ ২ ⓖ ৩ ⓘ ৪

**২০. চৌকপট সাধারণত কতটুকু চওড়া হয়?** (জ্ঞান)
ⓚ ৪–৫ ইঞ্চি ● ৬–৮ ইঞ্চি
ⓖ ৭–৫ ইঞ্চি ⓘ ৯–১০ ইঞ্চি

**২১. বাংলার লোকশিল্পের অন্যতম নিদর্শন কোনটি?**
[চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● পট ⓚ শীতলপাটি
ⓖ পুতুল ⓘ টেরাকোটা

**২২. 'পট' শব্দটির উৎপত্তি কীভাবে হয়েছে?** (অনুধাবন)
ⓚ পাট শব্দ থেকে ● পট্ট বা কাপড় শব্দ থেকে
ⓖ পটুয়া শব্দ থেকে ⓘ পাটি শব্দ থেকে

**২৩. পট আঁকার সাথে সংশ্লিষ্ট শিল্পীদের কী বলা হয়?** (জ্ঞান)
ⓚ চারবশিল্পী ⓚ চিত্রশিল্পী
● পটুয়া ⓘ পাটুরিয়া

**২৪. পটে আঁকানো ছবিগুলোতে কীসের চিত্ররূপ ফুটিয়ে তোলা হয়?** (জ্ঞান)
ⓚ পৌরাণিক কাহিনি ⓚ লোককাহিনি
ⓖ ধর্মীয় কাহিনি ● ধর্মীয় ও লোককাহিনি

**২৫. কালুগাজী–চম্পাবতীর গল্প নিয়ে আঁকা পট কী নামে পরিচিত?** (জ্ঞান)
● গাজীর পট ⓚ চম্পাবতীর পট
ⓖ কালুগাজীর পট ⓘ কালুগাজী–চম্পাবতীর পট

**২৬. সমাজের বিভিন্ন শ্রেণির মানুষের ভালো–মন্দ দিক ও সামাজিক আচার অনুষ্ঠান কোন পটের বিষয়বস্তু?** [শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ]
ⓚ গাজীর পট ● কালীঘাটের পট
ⓖ চক্ষুদান পট ⓘ লৌকিক পট

**২৭. 'চক্ষুদান পট' কীসের সাথে সম্পৃক্ত?** (জ্ঞান)
ⓚ বৈবাহিক রীতিনীতি ⓚ পূজাপার্বণ
ⓖ সুন্দর চোখ প্রাপ্তি ● মৃত ব্যক্তির স্বর্গলাভ

**২৮. কৃষ্ণপুর গ্রামের কিছু মানুষ গ্রামে গ্রামে ঘুরে পটের গল্প সুন্দর সুর করে বর্ণনা করে বেড়ায়। তাদের বর্ণনাকৃত এ পট কী নামে পরিচিত?** (প্রয়োগ)
● গাজীর পট ⓚ চক্ষুদান পট
ⓖ কালীঘাটেরপট ⓘ চৌকপট

**২৯. দেবপ্রিয়া তার মৃত বাবার স্বর্গপ্রাপ্তির উদ্দেশ্যে কোন পটচিত্র তৈরি করবে?** (প্রয়োগ)
ⓚ গাজীর পট ● চক্ষুদানপট
ⓖ চৌকপট ⓘ কালীঘাটের পট

**৩০. বুদ্ধের জীবন, কৃষ্ণলীলা, মহররমের কাহিনী–এ রকম বহু বিষয়ের উপর কী আঁকা হতো?** [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল]
ⓚ আলপনা ● পট
ⓖ তৈলচিত্র ⓘ কোলাজ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩১. পট শিল্পে যে সকল লোককাহিনী অন্তর্ভুক্ত থাকে–** (অনুধাবন)
i. বেহুলা লক্ষ্মীন্দরের কাহিনী
ii. কালুগাজী–চম্পাবতীর গল্প
iii. ইউসুফ জোলেখার কাহিনী
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩২. কালীঘাট পটের বিষয়বস্তু হলো–** (অনুধাবন)
i. মানুষের জীবনযাপনের ভালো–মন্দ দিক
ii. মৃত ব্যক্তির স্বর্গপ্রাপ্তি
iii. সামাজিক আচার–অনাচার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩৩. কালীঘাটের পট অসাধারণ ছিল–** (অনুধাবন)
i. শিল্পমানের জন্য
ii. বিষয়বস্তুর বৈচিত্র্যের জন্য
iii. আকার–আকৃতির জন্য
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩৪. লোকশিল্পের ঐতিহ্যবাহী পটে পটুয়ারা ফুটিয়ে তুলত–** [খুলনা জিলা স্কুল]
i. বুদ্ধের জীবনী
ii. জাতকের গল্প
iii. সোনাই–মাধব
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩৫ ও ৩৬নং প্রশ্নের উত্তর দাও :**
সুব্রতদের গ্রামের কিছু লোক পটচিত্র এঁকে গ্রামে গ্রামে ঘুরে বেড়ায় এবং পটের গল্পসমূহ সুন্দর সুর করে বর্ণনা করে। তারা বিভিন্ন অনুষ্ঠানে উপযুক্ত পারিশ্রমিকের বিনিময়ে বিভিন্ন পটচিত্র এঁকে দেয়। তারা একবার সুব্রতদের চক্ষুদান পট এঁকে দিয়েছিল।

**৩৫. সুব্রতদের গ্রামের শিল্পীরা সুব্রতদের কোন উদ্দেশ্যে এঁকে দিয়েছিল?** (প্রয়োগ)
ⓚ অর্থনৈতিক সমৃদ্ধি ⓖ সামাজিক মর্যাদা বৃদ্ধি
ⓖ রোগ থেকে আরোগ্য লাভ ● মৃত ব্যক্তির স্বর্গপ্রাপ্তি

**৩৬. উদ্দীপকের শিল্পীদের আঁকা চিত্রগুলোতে মূলত ফুটিয়ে তোলা হয়–** (উচ্চতর দক্ষতা)
i. ধর্মীয় কাহিনী
ii. লোককাহিনী
iii. রাজা–বাদশাদের কাহিনী
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**➲ পাঠ ৩ : নকশিকাঁথা ও টেরাকোটা ➡ বোর্ড বই, পৃষ্ঠা ২০ ও ২১**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৭. বাংলাদেশের লোকশিল্পের সবচেয়ে আকর্ষণীয় নিদর্শন কোনটি?** (জ্ঞান)
● নকশিকাঁথা ⓖ লক্ষ্মীসরা ⓖ গাজীর পট ⓖ নকশি শিকা

**৩৮. গাঁয়ের বধূ তার নিজের জীবনের সুখ–দুঃখের কাহিনী ফুটিয়ে তোলে কীসে?** (জ্ঞান)
ⓚ সরাচিত্রে ⓖ পটচিত্রে ● নকশিকাঁথায় ⓖ গল্প কিচ্ছায়

**৩৯. নকশিকাঁথা সেলাইয়ের কয়টি রীতি রয়েছে?** (জ্ঞান)
● দুই ⓖ তিন ⓖ চার ⓖ পাঁচ

**৪০. বিদেশি বাজারে বাংলাদেশের কোন ঐতিহ্যবাহী শিল্পের চাহিদা রয়েছে?** (জ্ঞান)
ⓚ পট ⓖ সরাচিত্র ● নকশিকাঁথা ⓖ টেরাকোটা

**৪১. পাহাড়পুর ও কুমিল্লার ময়নামতির ফলকচিত্রগুলোর বিষয়বস্তু কী?** (জ্ঞান)
ⓚ নরনারীর সম্পর্ক ⓖ তৎকালীন পূজনীয় দেবদেবী
ⓖ প্রকৃতির প্রভাব ● তৎকালীন সমাজ ও নিসর্গচিত্র

**৪২. বাংলাদেশের কোন প্রত্নতাত্ত্বিক নিদর্শনের ফলকচিত্রগুলোর বিষয়বস্তু নরনারী ও দেবদেবী?** (জ্ঞান)
ⓚ বগুড়ার মহাস্থানগড় ● দিনাজপুরের কান্তজীর মন্দির
ⓖ পাহাড়পুর বৌদ্ধবিহার ⓖ কুমিলরার ময়নামতি

**৪৩. বিভিন্ন স্থাপনা ও ধর্মীয় প্রতিষ্ঠানের দেয়ালে টেরাকোটা স্থাপন করা শুরু হয় কোন যুগে?** [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল]
ⓚ পাথরের যুগে ⓖ প্রাচীন যুগে ● মধ্যযুগে ⓖ আধুনিক যুগে

**৪৪. বর্তমানেও বিভিন্ন প্রতিষ্ঠান ও বাসাবাড়িতে সৌন্দর্যবর্ধনে আধুনিক বিষয় ও প্রকৃতি নিয়ে কোনটি তৈরি করা হচ্ছে?** (জ্ঞান)
ⓚ নকশিকাঁথা ⓖ পালঙ্ক ⓖ সিংহদরজা ● টেরাকোটা

**৪৫. আবিরের বাড়ি যশোর জেলায়। তার অঞ্চলের কোন লোকশিল্পটি বাংলাদেশে শীর্ষস্থানে?** (প্রয়োগ)
ⓚ পটচিত্র ⓖ সরাচিত্র ● নকশিকাঁথা ⓖ টেরাকোটা

**৪৬. শিবলি সম্প্রতি ভ্রমণে গিয়ে একটি প্রত্নতাত্ত্বিক নিদর্শন দেখেছে, যাতে ফুল, লতাপাতা ও জ্যামিতিক নকশা সংবলিত ফলকচিত্র রয়েছে। শিবলির দেখা নিদর্শন নিচের কোনটি?** (প্রয়োগ)
ⓚ বগুড়ার মহাস্থানগড় ⓖ দিনাজপুরের কান্তজীর মন্দির
ⓖ কুমিলরার ময়নামতি ● টাঙ্গাইলের আদিনা মসজিদ

**৪৭. বাংলাদেশে নকশিকাঁথা সেলাইয়ের মূলধারা দুটি কী কী?** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ যশোর–ঢাকা রীতি ● যশোর–রাজশাহী রীতি
ⓖ রাজশাহী–টাঙ্গাইল রীতি ⓖ যশোর–খুলনা রীতি

**৪৮. বিখ্যাত কান্তজীর মন্দির কোথায় অবস্থিত?** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ খুলনায় ● দিনাজপুর
ⓖ বগুড়া ⓖ রাজশাহী

**৪৯. মহাস্থানগড় কোথায় অবস্থিত?** [শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● বগুড়া ⓖ খুলনা
ⓖ রাজশাহী ⓖ সিলেট

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫০. বাংলাদেশে নকশিকাঁথা সেলাইয়ের মূলধারা হলো–** (অনুধাবন)
i. যশোর রীতি
ii. রাজশাহী রীতি
iii. বগুড়া রীতি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৫১. আদিনা মসজিদের ফলকচিত্রের বিষয়বস্তু হলো–** (অনুধাবন)
i. লতাপাতা
ii. ফুল
iii. জ্যামিতিক নকশা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৫২. দিনাজপুরের কান্তজীর মন্দিরের টেরাকোটার বিষয়বস্তু হচ্ছে–** [খুলনা জিলা স্কুল]
i. নর–নারী
ii. পাখপাখালি
iii. দেব–দেবী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড় এবং ৫৩ ও ৫৪নং প্রশ্নের উত্তর দাও :**

আসিফ ছুটিতে বগুড়ায় মহাস্থানগড় বেড়াতে গিয়েছিল। সে সেখানে এক ধরনের রিলিফওয়ার্ক দেখতে পেল।

**৫৩. আসিফের দেখা স্থানটির প্রাচীন নাম কী?** (প্রয়োগ)
ক গৌড় ● পুন্ড্রনগর
গ রাঢ় ঘ কর্ণসুবর্ণ

**৫৪. আসিফের দেখা রিলিফওয়ার্কে রয়েছে–** (উচ্চতর দক্ষতা)
i. নর–নারী ও দেব–দেবী
ii. কান্তজীর মন্দিরের অনুরূ প বিষয়বস্তু
iii. ময়নামতির ফলকের অনুরূ প বিষয়বস্তু
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৪ : বাংলাদেশের প্রধান কয়েকটি কারুশিল্প

➠ বোর্ড বই, পৃষ্ঠা ২২

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৫. কয় চাকাবিশিষ্ট রিকশা চেহারা ও আকৃতির দিক থেকে একটি শিল্পকর্ম?** (জ্ঞান)
ক দুই ● তিন গ চার ঘ পাঁচ

**৫৬. বাংলাদেশ কেমন দেশ?** (জ্ঞান)
● নদীমাতৃক খ উন্নত
গ সন্ত্রাসী ঘ ডিজিটাল

**৫৭. নিচের কোনটি আকর্ষণীয় কারুশিল্প?** (জ্ঞান)
ক নৌকা খ খাট–পালঙ্ক
● রিকশা ঘ কাঁচি

**৫৮. নদীমাতৃক বাংলাদেশে এটি শুধু জলপথের নির্ভরযোগ্য ও বহুল ব্যবহৃত বাহনই নয়, এটি কারুশিল্পেরও নিদর্শন। এখানে কীসের কথা বলা হয়েছে।** (প্রয়োগ)
ক পানি জাহাজ খ রিকশা ● নৌকা ঘ উড়োজাহাজ

**৫৯. বাংলাদেশে নিত্যব্যবহার্য বিভিন্ন জিনিসপত্রে নানানরকম নকশা আঁকা কোন শিল্পের নিদর্শন?** (জ্ঞান)
ক টেরাকোটা খ পট গ সরাচিত্র ● কারবশিল্প

**৬০. বাংলাদেশের কোন কারুশিল্পটি দেশে ও বিদেশে খ্যাতি অর্জন করেছে?** (জ্ঞান)
ক নৌকা ● রিকশা
গ পালঙ্ক ঘ অলংকৃত দরজা

**৬১. অতীতে কোন নামে নৌকা ছিল?** [শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক গয়না খ পানসি গ সাম্পান ● ময়ূরপঙ্খী

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬২. নৌকা অলংকৃত করতে নৌকার গোলুইয়ে বসানো হয়–** (অনুধাবন)
i. পিতলের দুটি চোখ ii. পিতলের পাত
iii. এলুমিনিয়ামের পাত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৬৩. বাংলাদেশের প্রধান কারুশিল্প হিসেবে লিখন যে জিনিসগুলোর নাম উল্লেখ করবে–** (প্রয়োগ)
i. রিকশা ii. নৌকা
iii. খাট–পালঙ্ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৫ : কাঠের বেড়া ও পালঙ্ক এবং অলংকৃত দরজা

➠ বোর্ড বই, পৃষ্ঠা ২৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৪. ফরিদপুর অঞ্চলে সিংহ, হাতির মুখ, পদ্ম ইত্যাদি মোটিফ ব্যবহার করে এক ধরনের কারুকাজ করা হয়। উক্ত অঞ্চলের উল্লিখিত শিল্পটি কী?** (প্রয়োগ)
● কাঠের বেড়া খ রিকশা
গ নকশি পাখা ঘ আলপনা

**৬৫. গ্রাম অঞ্চলে পালঙ্ক অলংকৃত করতে সচরাচর কী খোদাই করা হয়?** (জ্ঞান)
ক একজোড়া কবুতরের চিত্র ● একজোড়া ময়ূরের চিত্র
গ লতাপাতার চিত্র ঘ বিভিন্ন আলপনা

**৬৬. দরজার তোরণের মাঝখানে দুটি সিংহের কারুকার্য খচিত করার রীতি প্রবর্তন হয়েছে কোন ঐতিহ্য থেকে?** (জ্ঞান)
ক সিংহাসনের ঐতিহ্য ● সিংহদ্বারের ঐতিহ্য
গ মুঘল ঐতিহ্য ঘ সেনবংশের ঐতিহ্য

**৬৭. মশিউর জাতীয় জাদুঘরে রক্ষিত একটি নিদর্শন দেখল যাতে খোদাই করে পরীর আকৃতি দেওয়া হয়েছে? মশিউরের দেখা নিদর্শন নিচের কোনটি?** (প্রয়োগ)
ক নৌকা খ কাঠের বেড়া গ অলংকৃত দরজা ● পালঙ্ক

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৮. অতীতে পালঙ্কের পায়া খোদাই করা হতো–** (অনুধাবন)
i. বাঘ–সিংহের থাবার মতো করে
ii. পরীর মতো করে
iii. সাপের মতো করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৯. কাঠের তৈরি দরজা অলংকৃত করা হয়–** (অনুধাবন)
i. ফুল–লতা–পাতার নকশায়
ii. সিংহের মুখ খোদাই করে
iii. হাতির মুখে খোদাই করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭০ ও ৭১নং প্রশ্নের উত্তর দাও :**
মিরাজ সাহেব তার বাড়িতে কাঠের তৈরি কারবকার্য খচিত দরজা ব্যবহার করেছেন। এটি তার বাড়ির সৌন্দর্য বৃদ্ধি করার পাশাপাশি ব্যবহারিক উপযোগিতাকেও বহু গুণ বাড়িয়ে দিয়েছে।

**৭০. মিরাজ সাহেবের বাড়ির কাঠের তৈরি কারুকার্যখচিত দরজা আমাদের কোন শিল্পকে সমৃদ্ধ করেছে?** (প্রয়োগ)
ক লোকশিল্প খ চারবশিল্প
● কারবশিল্প ঘ পটশিল্প

**৭১. মিরাজ সাহেবের বাড়িতে ব্যবহৃত কারুকার্যখচিত কাঠের দরজা কীসের পরিচায়ক?** (অনুধাবন)
● নিজস্ব রবচিবোধের খ সামাজিক অবস্থানের
গ অর্থনৈতিক অবস্থার ঘ সৌন্দর্য প্রীতির

## ➲ পাঠ-৬ : বাংলাদেশে লোকশিল্প ও কারুশিল্পের ব্যবহারিক ক্ষেত্রসমূহ

➠ বোর্ড বই, পৃষ্ঠা ২৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭২. লোকশিল্পের সবচাইতে উল্লেখযোগ্য ও বহুল ব্যবহৃত উপাদান কোনটি?** (জ্ঞান)
ক আলপনা ● নকশিকাঁথা
গ নকশিপিঠা ঘ টেবিল ম্যাট

**৭৩. আমাদের জীবনকে সুন্দর ও সমৃদ্ধ করার জন্য কোনটির ভূমিকা ব্যাপক?** (জ্ঞান)
● লোকশিল্পের খ কারবশিল্পের
গ টেরাকোটার ঘ নৌকার

**৭৪. গরমের দিনে গ্রামের সাথে শহরেও দেখা যায় কোনটির ব্যবহার?** (জ্ঞান)
ক নকশিকাঁথার ● নকশি পাখার

গ যাঁতীর　　ঘ কাঁচির

৭৫. **লক্ষ্মীসরা হিন্দুদের কোন পূজার একটি প্রধান উপকরণ?** (জ্ঞান)
ক শিবপূজা　　খ সরস্বতী পূজা
● লক্ষ্মীপূজা　　ঘ মনসাপূজা

৭৬. **বাংলাদেশের গ্রাম অঞ্চলের খুব জনপ্রিয় খাবার কোনটি?** (জ্ঞান)
ক বার্গার　　খ পোলাও
● নকশিপিঠা　　ঘ লাচ্ছি

৭৭. **কোন খাবারটি ছাড়া বাঙালির কোনো উৎসব-অনুষ্ঠান অসম্পূর্ণ থাকত?** (জ্ঞান)
ক কাবাব　　খ মাছ
গ পোলাও　　● নকশিপিঠা

৭৮. **কখন টেরাকোটার ব্যবহার ছিল?** (জ্ঞান)
ক প্রাচীনযুগে　　● মধ্যযুগে
গ অন্ধকারযুগে　　ঘ পৌরাণিক যুগে

৭৯. **টেরাকোটা স্থাপন করা হতো কেন?** (অনুধাবন)
● ভবনের সৌন্দর্য বৃদ্ধির জন্য　　খ রাজার বীরত্ব প্রকাশের জন্য
গ দেশের ঐতিহ্য রক্ষার জন্য　　ঘ ইতিহাসকে সমৃদ্ধ করার জন্য

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮০. **আলপনা ও দেয়ালচিত্রের ব্যাপক ব্যবহার লক্ষ করা যায়–** (অনুধাবন)
i. গায়ে হলুদ অনুষ্ঠানে
ii. বর্ষবরণ অনুষ্ঠানে
iii. রাষ্ট্রীয় অনুষ্ঠানে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii　　খ i ও iii　　গ ii ও iii　　ঘ i, ii ও iii

৮১. **বর্তমানে বিভিন্ন অনুষ্ঠানে আলপনা ও দেয়ালচিত্রের ব্যাপক ব্যবহার করা যায়। এর ফলে–** (উচ্চতর দক্ষতা)
i. অনুষ্ঠান জাঁকজমকপূর্ণ হয়
ii. অনুষ্ঠান রঙিন হয়
iii. অনুষ্ঠান তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii　　খ i ও iii　　গ ii ও iii　　ঘ i, ii ও iii

৮২. **মধ্যযুগে টেরাকোটা স্থাপন করা হতো–** (অনুধাবন)
i. বিভিন্ন স্থাপনায়
ii. সরকারি ভবনে
iii. ধর্মীয় প্রতিষ্ঠানের দেয়ালে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　● i ও iii　　গ ii ও iii　　ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের উদ্দীপকটি পড় এবং ৮৩ ও ৮৪নং প্রশ্নের উত্তর দাও :**
দিনাজপুরে কান্তজির মন্দির অবস্থিত। এ মন্দিরের দেয়ালে পোড়ামাটির ফলকে অঙ্কিত অনেক পৌরাণিক কাহিনীর চিত্র রয়েছে। যেমন : রাম-রাবণের যুদ্ধ, কুরুক্ষেত্রের যুদ্ধ, কৃষ্ণলীলার চিত্র ইত্যাদি। পোড়ামাটির ফলকের এসব অঙ্কনের জন্য মন্দিরটি খুবই বিখ্যাত।

৮৩. **উদ্দীপকে উল্লিখিত ফলক আমাদের দেশের কোন ধরনের শিল্পের পরিচয় বহন করে?** (প্রয়োগ)
● লোকশিল্পের　　খ কারুশিল্পের
গ সাহিত্যশিল্পের　　ঘ কুটিরশিল্পের

৮৪. **বর্তমানে উক্ত ফলকের বিষয়–** (অনুধাবন)
i. আধুনিক　　ii. ধর্মীয়
iii. প্রকৃতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　　● i ও iii　　গ ii ও iii　　ঘ i, ii ও iii

**প্রশ্ন ॥ ১ ॥ পোড়ামাটির ফলকচিত্র বা টেরাকোটা বলতে কী বোঝ?** [খুলনা জিলা স্কুল]

**উত্তর :** পোড়ামাটির ফলকচিত্র বা টেরাকোটা হচ্ছে মাটির পাটাতনের বা ফলকের সমান জমিনের উপর ছবি বা নকশা উঁচু উঁচু হয়ে থাকে এমন রিলিফওয়ার্ক। এটা বানানোর জন্যে প্রথমে কাঁচামাটি দিয়ে ফলকগুলো তৈরি করে তারপর পুড়িয়ে নেওয়া হয়। তাই এগুলোকে পোড়ামাটির ফলক বলে। বগুড়ার মহাস্থানগড়ে তথা প্রাচীন পুন্ড্রনগরীর প্রত্নতাত্ত্বিক খননে বাংলাদেশের সবচেয়ে প্রাচীনতম ফলকচিত্র পাওয়া গেছে। মধ্যযুগে বিভিন্ন স্থাপনায় টেরাকোটার ব্যবহার শুরু হয়। কিন্তু বর্তমানে অফিস ও বাসাবাড়ির সৌন্দর্যবর্ধনে বিভিন্ন বিষয় ও প্রকৃতি নিয়ে প্রচুর টেরাকোটা তৈরি করা হচ্ছে।

**প্রশ্ন ॥ ২ ॥ বাংলাদেশের কারুশিল্প সম্পর্কে একটি সংক্ষিপ্ত ধারণা দাও।**

**উত্তর :** বিভিন্ন কারুকাজমণ্ডিত ব্যবহার্য সামগ্রীকে কারুশিল্প বলা হয়। বাংলাদেশে নিত্যব্যবহার্য বিভিন্ন জিনিস যেমন : দা, কুড়াল, খন্তা, কাঁচি, জাঁতি, হাঁড়ি, পাতিল, তামা, কাঁসা, পিতলের অনেক জিনিস এবং নৌকা, রিকশা, খাট-পালঙ্ক, দরজা ইত্যাদিতে সৌন্দর্য আরোপের জন্য এসবের গায়ে আঁচড় কেটে, খোদাই করে, আলাদাভাবে লাগিয়ে বিভিন্ন ছবি বা নকশা আঁকা হয়। তবে বাংলাদেশে বহুল উল্লেখযোগ্য কয়েকটি কারুশিল্প হলো রিকশা, নৌকা, কাঠের বেড়া, পালঙ্ক, অলঙ্কৃত দরজা ইত্যাদি। তিন চাকাবিশিষ্ট রিকশা একটি সুন্দর কারুশিল্প যা দেশে ও বিদেশে খ্যাতি অর্জন করেছে। নদীমাতৃক বাংলাদেশে অতি পরিচিত বাহন নৌকা কারুশিল্পের একটি উজ্জ্বল নিদর্শন। নৌকা তার চেহারার কারণে গয়না, পানসি, বজরা, কোষা, ময়ূরপঙ্খি, টিয়াঠোঁট প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে পরিচিত। এছাড়া বাঘ-সিংহের থাবা ও পরীর মতো আকৃতি দিয়ে খোদাই করা খাট-পালঙ্ক এবং কারুকার্যখচিত কাঠের দরজা বাংলাদেশের অতি প্রাচীন কারুশিল্প। এসব কারুশিল্প আমাদের জীবনকে সুন্দর ও সমৃদ্ধ করতে ব্যাপক ভূমিকা পালন করে থাকে।

**প্রশ্ন ॥ ৩ ॥ বাংলাদেশের একটি কারুশিল্প হিসেবে রিকশার বর্ণনা দাও।**

**উত্তর :** বাংলাদেশের একটি অন্যতম কারুশিল্প হলো রিকশা। একটি সুন্দর কারুশিল্প হিসেবে রিকশা দেশে ও বিদেশে খ্যাতি অর্জন করেছে। তিন চাকাবিশিষ্ট রিকশা চেহারা ও আকৃতির দিক থেকে একটি শিল্পকর্ম। তদুপরি বাঁশ, প্লাস্টিক ও কাপড় দিয়ে ফুল, পাতা, পাখির নকশা কেটে সেলাই করে রিকশাকে সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়। রিকশার হ্যান্ডেলের দুই পাশে প্লাস্টিকের ফুল লাগানো হয়। আবার হুডের চারপাশে রঙিন ঝুনঝুনি ঝুলিয়ে সাজানো হয়। এতে করে রিকশা চলার সময় ঝুনঝুনির ছন্দময় শব্দ হয়। রিকশার সিটের পেছনদিকে সুন্দর ছবি এঁকে লাগিয়ে দেওয়া হয়। সব মিলিয়ে রিকশা একটি আকর্ষণীয় কারুশিল্প।

**প্রশ্ন ॥ ৪ ॥ কল্কি কেন আঁকা হতো?**

**উত্তর :** আলপনার একটি বহুল ব্যবহৃত মোটিফ হচ্ছে কল্কি। কল্কি এখানে লক্ষ্মীর ধনভাণ্ডারের ধানে ভর্তি প্রতীক চিহ্ন। এই প্রতীক বা রূপক চিহ্ন দিয়ে

আলপনা এঁকে লক্ষ্মী দেবীর পূজা করলে সংসারে সমৃদ্ধি আসবে, ধানে গোলা পরিপূর্ণ থাকবে, এই বিশ্বাস থেকে কল্কি আঁকা হতো।

**প্রশ্ন ॥ ৫ ॥ চক্ষুদানপট সম্পর্কে যা জান লেখ।**

**উত্তর :** বাংলার লোকশিল্পের অন্যতম নিদর্শন হচ্ছে পট। বিভিন্ন ধরনের পটের মধ্যে চক্ষুদানপটও অন্যতম। মৃত ব্যক্তির স্বর্গপ্রাপ্তির জন্য চক্ষুদানপট আঁকতেন পটুয়ারা। মৃত ব্যক্তির চক্ষুবিহীন ছবি এঁকে আত্মীয়স্বজনের কাছ থেকে উপযুক্ত পারিশ্রমিকের বিনিময়ে তাতে চোখ এঁকে দেওয়া হতো। যাতে করে সে স্বর্গের পথ দেখতে পায়।

**প্রশ্ন ॥ ৬ ॥ আলপনা লোকশিল্প সম্পর্কে যা জান লিখ।**

**উত্তর :** আলপনা বাংলাদেশের অন্যতম প্রধান লোকশিল্প। বাঙালির বিভিন্ন উৎসবে আলপনা আঁকা হয়। নববর্ষের অনুষ্ঠান, জন্মদিন, বিয়ে, গায়ে হলুদ এবং একুশে ফেব্রুয়ারিতে শহিদ মিনারস্থল ও সড়কে আমরা আলপনার ব্যবহার দেখতে পাই। বিভিন্ন অনুষ্ঠান, উৎসবের সৌন্দর্য ও জাঁকজমক বাড়িয়ে দিতে আলপনার ব্যবহার হয়ে থাকে। যে কোনো শুভকাজে আলপনা আঁকা আমাদের বাঙালি সংস্কৃতির অবিচ্ছেদ্য ও অনেক প্রাচীন একটি রীতি। এর উদ্ভব হয়েছিল মূলত প্রাচীন বাঙালির লোকজীবনের ধর্ম ও জাদু বিশ্বাসকে কেন্দ্র করে। তখন বিভিন্ন প্রকার পূজা ও ব্রত অনুষ্ঠানে আলপনা আঁকা হতো। আলপনা বহুল ব্যবহৃত একটি মোটিফ হচ্ছে কল্কি। কল্কি লক্ষ্মীর ধনভান্ডারের ধানে ভর্তি প্রতীক চিহ্ন। আবার সাংসারিক ও সামাজিক জীবনে যা পাওয়ার আশা করা হয় সে আশা পূরণের জন্য করা হতো ব্রতের অনুষ্ঠান। এই ব্রতের অনুষ্ঠানেও আলপনা আঁকা হতো। আলপনাগুলো এখন ধর্মীয় অনুষ্ঠানের গন্ডি পেরিয়ে বাঙালির সকল ধর্মবর্ণের মানুষের শুভ অনুষ্ঠানের অংশ হয়ে উঠেছে।